

মিশ্রকলাবৃত্ত/ তানপ্রধান/ অক্ষরবৃত্ত

যে কাব্যছন্দে মূলপর্ব আট বা দশ মাত্রার হয় এবং শব্দধ্বনির অতিরিক্ত একটা তান থাকে তাকে অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দ বলে। একে তানপ্রধান বা পয়ারজাতীয় ছন্দও বলা হয়ে থাকে। তবে প্রবোধচন্দ্র সেন মহাশয় একে মিশ্রকলাবৃত্ত ছন্দ নামেই চিহ্নিত করলেন।

বৈশিষ্ট্যঃ

১। মূলপর্ব আট বা দশমাত্রার হয়ে থাকে।

২। বাগযন্ত্রের ক্লাস্তি এড়ানোর জন্য দীর্ঘ পর্বের ছন্দকে ধীরভাবে উচ্চারণ করাই রীতি। অক্ষরবৃত্ত এই কারণেই ধীর লয়ের ছন্দ। দীর্ঘ পর্বের উচ্চারণ মন্থরতা কণ্ঠতন্ত্রীতে কম্পন আনয়ন করে অনুরণন বৃদ্ধি করে। স্বভাবতঃই ঐ ধরণের চরণের মধ্যে একটা তান এসে পড়ে। দীর্ঘপর্বই এই তানের জন্য দায়ী।

৩। মিশ্রকলাবৃত্ত রীতিতে মুক্তদল সবসময়ই একমাত্রা কিন্তু রুদ্ধদল কখনও একমাত্রা কখনও বা দুমাত্রা হয়। এই রীতিতে রুদ্ধদল যদি শব্দের শেষে বা আলাদা থাকে তাহলে দু-মাত্রা পায় আর যদি শব্দের প্রথমে বা মাঝখানে থাকে তখন রুদ্ধদল একমাত্রা পেয়ে থাকে।

ভালোমন্দ দুঃখ সুখ/ অন্ধকার আলো

মনে হয় সব নিয়ে /এ ধরণী ভালো।

ভা/১লো/১মন্দ(মন/১+দ/১) দুঃখ(দুঃ/১+খ/১ সু/১খ/১) /অন্ধকার(অন/১+ধ/১+কা/১+র/১)

আ/১লো/১= ৮+৬(মূলপর্ব ৮ মাত্রার, অপূর্ণ পর্ব ৬ মাত্রার)

ম/১নে/১ হয়/২(হয়, রুদ্ধদল আলাদা বা একক ভাবে রয়েছে।) সব/২(একক রুদ্ধদল) নিয়ে/২(একক রুদ্ধ দল) /এ/১ ধ/১র/১নী/১ ভা/১লো/১। ৮+৬=১৪ (মূলপর্ব ৮ মাত্রা, অপূর্ণপর্ব ৬ মাত্রা)

মুক্তদল=১ মাত্রা

শব্দের শেষে রুদ্ধদল=২

একক রুদ্ধদল=২

শব্দের শুরুতে রুদ্ধদল=১

শব্দের মাঝে বা ভেতরে রুদ্ধদল=১

৪। সমাসবদ্ধ শব্দের আদিতে যদি হলন্ত বা রুদ্ধদল থাকে এবং তা যদি একটি শব্দ হয় তবে তা কখনও কখনও দু-মাত্রা হয়।

৫। যুক্তব্যঞ্জনে ভেঙ্গে উচ্চারণ করা হয়, তাই দুমাত্রা পাবার সম্ভাবনা থাকে না।

৬। লয় ধীর থাকে।

| || | | | | | || | | |

অনেক সৌন্দর্য আছে / হৃদয় ভরিয়া, (নেক, দয়, একক রুদ্ধদল ২ মাত্রা পাচ্ছে)

| | | | | | | | | | | |

সহস্র মানিক্য জ্বলে / অন্তর আঁধারে, অন+তর, দুটোই রুদ্ধদল, কিন্তু শব্দের প্রথমে ১ মাত্রা পাবে, শেষে বসলে ২ মাত্রা পাবে)

| | | | | | | | | | | |

অনন্ত সঙ্গীতরাশি/কাঁপিয়া কাঁপিয়া (সঙ্গীতরাশি সমাসবদ্ধ পদ কিন্তু এখানেও সম+গীত দুটোই রুদ্ধদল, প্রথমটা ১, দ্বিতীয়টা ২ মাত্রা পাচ্ছে)

।।।। ।।। ।। ।। ।।।

दिवस रजनी करे/उम्माद आमारे। (उन+माद १+२, एकई रीति अनुसृत हयेछे)।

।।।। ।। ।। = ८

बेदमल्ल सम भाषा

।।।। ।।। ।।। = १० ।।। ।।। ।। = ८

निरन्तर प्रशान्त अक्षरे / महेंद्र मन्दिर-पाने

।।।। ।।। ।।। = १० ।।। ।।। ।। = ८

अन्तरेर अनन्त प्रार्थना, / नियत मङ्गलगाने